গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট
১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০

স্মারক নং-৩৭.২৬.০০০০.১১৪.৪০.০০১.২০- ২০৫ তারিখ: ০৩ আগস্ট ২০২০

# আন্তর্জাতিক মাতৃভাষা জাতীয় পদক ২০২১ প্রদান

মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২১-এ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক "আন্তর্জাতিক মাতৃভাষা জাতীয় পদক ২০২১ (International Mother Language National Award 2021)" এবং "আন্তর্জাতিক মাতৃভাষা আন্তর্জাতিক পদক ২০২১ (International Mother Language International Award 2021)" প্রদান করা হবে।

২। শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের ২৪ ডিসেম্বর ২০১৯/০৯ পৌষ ১৪২৬-এর ৩৭.০০.০০০০.০৮২.২২.০০৫.১৬.১৫৫১ সংখ্যক পদক নীতিমালা প্রজ্ঞাপন অনুযায়ী জাতীয় পর্যায়ে ২ (দুই)-টি "আন্তর্জাতিক মাতৃভাষা জাতীয় পদক ২০২১ (International Mother Language National Award 2021)" প্রদানের জন্য বাংলাদেশী নাগরিক অথবা বাংলাদেশে অবস্থিত প্রতিষ্ঠান/সংস্থা-র নিকট থেকে নির্ধারিত ছকে (ছকটি আন্তর্জাতিক মাতৃভাষা পদক নীতিমালা ২০১৯-এর পরিশিষ্ট ক/খ অংশে পাওয়া যাবে) আবেদনপত্র/প্রস্তাব আহ্বান করা যাচ্ছে। উপর্যুক্ত নীতিমালা এবং ছকটি আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট-এর ওয়েবসাইট www.imli.gov.bd থেকে ডাউনলোড করা যাবে।

৩। উপরি-উক্ত পদক নীতিমালা প্রজ্ঞাপনের অনুচ্ছেদ ৭.০-এ পদক প্রাপ্তির যোগ্যতা এবং অনুচ্ছেদ ৮.০-এ বর্ণিত নির্দেশনার আলোকে প্রাপ্তব্য আবেদনপত্র/প্রস্তাবাদি বিবেচনার জন্য বাছাই কমিটির সদস্য-সচিব বরাবর আবেদনপত্র/প্রস্তাব-এর তিন প্রস্থ হার্ড কপি ৩১ আগস্ট ২০২০ তারিখের মধ্যে ডাকযোগে/সরাসরি প্রেরণের অনুরোধ করা হলো এবং একই সঙ্গে আবেদনপত্র/প্রস্তাব-এর সফট কপি (এমএস ওয়ার্ড ও পিডিএফ আকারে) imli.moebd@gmail.com ই-মেইলে প্রেরণপূর্বক imli.msmoebd@gmail.com ই-মেইলে অনুলিপি প্রেরণ করতে হবে। **৩১ আগস্ট ২০২০ তারিখ অফিস সময়ের পর প্রেরিত আবেদনপত্র/প্রস্তাব (হার্ড ও সফট কপি) কোনভাবেই গ্রহণ করা হবে না।** উল্লেখ্য, পদকের জন্য বিবেচ্য প্রার্থীর ডিসেম্বর ২০১৯ পর্যন্ত কর্মকৃতি এবং বিশেষ ক্ষেত্রে প্রাপক ব্যক্তির সমগ্র জীবনের বা প্রতিষ্ঠানের সার্বিক অবদান বিবেচনাযোগ্য হবে।

৪। ডাকযোগে প্রেরণের ঠিকানা:

সদস্য-সচিব
**আন্তর্জাতিক মাতৃভাষা পদক বাছাই কমিটি**
**ও**
**পরিচালক (ভাষা, গবেষণা ও পরিকল্পনা)**
**আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট**
**১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০**

৫। পদকের মান
পদক হিসেবে ১৮ (আঠারো) ক্যারেট মানের ১৫ (পনেরো) গ্রাম ওজনের একটি স্বর্ণপদক (Gold Medal), সম্মাননাপত্র এবং ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা প্রদান করা হবে।

৬। পদক প্রাপ্তির যোগ্যতা:
৬.১ বাংলাদেশে বিভিন্ন মাতৃভাষা সংরক্ষণ, পুনরুজ্জীবন ও বিকাশে অবদান;
৬.২ মাতৃভাষাচর্চায় প্রমাণিত বিশেষ অবদান (প্রমাণ: প্রকাশিত মানসম্পন্ন গ্রন্থ);
৬.৩ মাতৃভাষার গবেষণায় বিশেষ অবদান;

৬.৪ মাতৃভাষার সংরক্ষণ, প্রমিতায়ন, পুনরুজ্জীবন এবং মাতৃভাষাচর্চার বিকাশে ডিজিটাল প্রযুক্তি উদ্ভাবনে বিশেষ অবদান;
৬.৫ বহির্বিশ্বে মাতৃভাষা প্রচার ও প্রসারে বিশেষ অবদান;
৬.৬ মাতৃভাষায় রচিত সাহিত্য ও অন্যান্য বিষয়ে রচিত মৌলিক গ্রন্থাবলি বিদেশি ভাষায় অনুবাদে বিশেষ অবদান (প্রমাণ: প্রকাশিত মানসম্পন্ন গ্রন্থ);
৬.৭ বিদেশি ভাষায় রচিত সাহিত্য ও অন্যান্য বিষয়ে রচিত গ্রন্থসমূহের বাংলা ভাষায় অনুবাদে বিশেষ অবদান (প্রমাণ: প্রকাশিত মানসম্পন্ন গ্রন্থ)।

**৭। আবেদন বা প্রস্তাবের জন্য বিবেচ্য বিষয়াদি:**

৭.১ নির্ধারিত ছকে (পদক নীতিমালার পরিশিষ্ট - ক/খ) ও পূর্ব-উল্লিখিত তারিখের মধ্যে আবেদনপত্র বা প্রস্তাবের ০৩ (তিন) কপি ফরম যথাযথভাবে পূরণ করে বাছাই কমিটির সদস্য-সচিবের নিকট ডাকযোগে বা সরাসরি প্রেরণ করতে হবে এবং এর সফট কপি চাহিদামত নির্ধারিত ই-মেইলে পাঠাতে হবে;

৭.২ আবেদনপত্রে বা প্রস্তাবে অসত্য বা অসম্পূর্ণ তথ্য বা অস্পষ্ট বর্ণনা এবং অভিজ্ঞানপত্র/সনদ/প্রশংসাপত্র (টেস্টিমোনিয়াল/সার্টিফিকেট) সংযোজিত না হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে;

৭.৩ কোনো শ্রেণিতে (জাতীয় ও আন্তর্জাতিক) উপযুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠান খুঁজে পাওয়া না গেলে সেক্ষেত্রে পদক প্রদান সংশ্লিষ্ট বছরের জন্য স্থগিত থাকবে;

৭.৪ একই ব্যক্তি বা প্রতিষ্ঠান/সংস্থা 'আন্তর্জাতিক মাতৃভাষা পদক'-এর জন্য দ্বিতীয়বারের জন্য বিবেচিত হবেন না;

৭.৫ এই পদক মরণোত্তর (posthumous) প্রদেয় নয়। কিন্তু প্রাপক হিসেবে নাম ঘোষণার পর কোনো ব্যক্তির মৃত্যু হলে তাঁর পক্ষে পরিবারের উত্তরাধিকারী/উত্তরাধিকারিণীদের মধ্য থেকে নির্ধারিত কেউ অথবা উত্তরাধিকারী/ উত্তরাধিকারিণী না থাকলে উপযুক্ত কেউ তা গ্রহণ করতে পারবেন। এজন্য প্রচলিত নিয়মে প্রাপ্ত উত্তরাধিকার বা ওয়ারিশান সনদে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের/সংশ্লিষ্ট দূতাবাসের প্রতিস্বাক্ষর থাকতে হবে;

৭.৬ বাংলাদেশের নাগরিক স্বদেশে অবস্থানকালে পদক প্রাপকরূপে চূড়ান্তভাবে নাম ঘোষণার পর যদি বাংলাদেশের বাইরে গমন করেন অথবা সেখানে অবস্থান করেন এবং তাঁর পক্ষে বাংলাদেশে এসে পুরস্কার গ্রহণ সম্ভব না হয়, সেক্ষেত্রে সংশ্লিষ্ট দেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস (যদি থাকে) থেকে পদক গ্রহণ করতে পারবেন। তবে বিষয়টি আমাই কর্তৃপক্ষকে পূর্বে অবহিত করতে হবে। অনুরূপ ব্যবস্থা পদক প্রাপক হিসেবে নাম ঘোষণার পর মৃত ব্যক্তির ক্ষেত্রেও প্রযোজ্য হবে। সেক্ষেত্রে মৃত ব্যক্তির উত্তরাধিকারী/উত্তরাধিকারিণীর যথার্থতা সংশ্লিষ্ট দেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস কর্তৃক যাচাইপূর্বক পদক প্রদান করা হবে। এ সংক্রান্ত পদক বিতরণ অনুষ্ঠান দূতাবাসে অনুষ্ঠিত হবে এবং দূতাবাস প্রধান পদক প্রদান করবেন।

০৩.০৮.২০২০


(ড. জীনাত ইমতিয়াজ আলী)
সভাপতি
আন্তর্জাতিক মাতৃভাষা পদক বাছাই কমিটি
ও
মহাপরিচালক
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট
১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
টেলিফোন: +৮৮ ০২ ৮৩১১৩৪৬
ইমেইল: imtiazali.du@gmail.com
imli.msmoebd@gmail.com